গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
শেরেবাংলা নগর, আগারগাঁও
ঢাকা- ১২০৭।
www.bpsc.gov.bd

৮০.১০৪.০১১.০০.০০.০১৯.২০১৪/ ৩৩২ তারিখ ১৮/০৯/২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ আগামী ২৬/০৯/১৬ তারিখে অনুষ্ঠিতব্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের সহকারী পরিচালক পদের লিখিত পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলি ।

১। প্রার্থীদেরকে উল্লিখিত পদের জন্য বাংলা-৫০, ইংরেজি-৫০, সাধারণ জ্ঞান-৪০ ও গণিত বিষয়ে-৬০ সর্বমোট ২০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে ।

২। পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত ১৫(পনের) মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫(পনের) মিনিট পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না । পরীক্ষা শুরু হবার পর ০১(এক) ঘণ্টার পূর্বে কোনো পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না ।

৩। বিশেষভাবে উল্লেখ্য, প্রার্থীগণকে একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি উত্তরপত্র প্রদান করা হবে । প্রার্থীগণ বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও গণিত বিষয়াদির জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করবেন । একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে ।

৪। প্রার্থীকে কলম বা বল পয়েন্ট কলম সাথে আনতে হবে । পরীক্ষা কক্ষে ব্যাগ , বইপত্র, কোনো প্রকার ঘড়ি, মোবাইল ফোন আনা এবং কোনো প্রকার যোগাযোগ যন্ত্র ব্যবহার করা সম্পূর্ণ নিষিদ্ধ ; তবে পরীক্ষা হলে সাধারণ ক্যালকুলেটর(সাইন্টিফিক ক্যালকুলেটর নয়) ব্যবহার করা যাবে । সাইন্টিফিক ক্যালকুলেটর বা এ জাতীয় কোনো যন্ত্র ব্যবহার করা যাবে না । হাজিরা তালিকা, উত্তরপত্র ও অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হওয়া বাঞ্ছনীয় ।

৫। পরীক্ষা কক্ষে কোনো প্রকার অসদুপায় অবলম্বনের জন্য প্রার্থীকে হল হতে বহিষ্কার করা হতে পারে । উল্লেখ্য যে, কোনো প্রার্থী পরীক্ষায় নকল করলে, সঙ্গে নকলের কপি পাওয়া গেলে বা অন্য কোনো অসদুপায় অবলম্বন করলে বা কোনো অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত কোনো পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোনো পদের জন্যও উক্ত প্রার্থী আবেদন করতে পারবেন না । তাছাড়া ক্ষেত্র বিশেষে মামলা দায়েরপূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতেও সে প্রার্থীকে সোপর্দ করা হতে পারে ।

৬। পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্হান করবেন । পরিদর্শকগণ বিষয়ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ কক্ষ ত্যাগ করবেন ।

৭। শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন ।

৮। অযোগ্য প্রার্থীর তালিকা কমিশনের (www.bpsc.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে ।

৯। রচনামূলক লিখিত পরীক্ষা লিথোকোড পদ্ধতিতে অনুষ্ঠিত হবে বিধায় প্রচলিত খাতার প্রথম পৃষ্ঠায় লিথোকোডের একটি কম্পিউটার ফরম সংযুক্ত থাকবে । উক্ত ফরমের উপরে প্রার্থী কর্তৃক পূরণীয় অংশটি পরীক্ষার্থীকে নিম্লোক্ত নির্দেশমতে পূরণ করতে হবে ।

লিথোকোড ফরম পূরণের নির্দেশাবলি

১) লিথোকোড ফরমে তিনটি অংশ রয়েছে। তম্মধ্যে প্রার্থীগণ কেবলমাত্র ১ম অংশটি কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন এবং অন্য কোনো অংশে বিন্দুমাত্র দাগ দিবেন না ।

২) প্রার্থীগণকে একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি খাতা প্রদান করা হবে । প্রার্থীগণকে বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও গণিত বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন খাতা ব্যবহার করতে হবে । একই খাতায় একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে পরীক্ষা বাতিল হবে ।

৩) নামের স্থানে পরীক্ষার্থীর আবেদনপত্রে এবং প্রবেশপত্রে উল্লেখ অনুযায়ী তার নাম লিখবেন এবং স্বাক্ষরের স্থানে স্বাক্ষর করবেন । পরীক্ষার নাম এর স্থানে পদের নাম এবং বিষয়ের স্থানে প্রযোজ্য বিষয় (যেমন ;বংলা, ইংরেজি,সাধারণ জ্ঞান ও গণিত) লিখতে হবে।

৪) পরীক্ষার নাম এর ঘরে নন ক্যাডার এর ঘর পূরণ করতে হবে ।

৫) পরীক্ষা কেন্দ্রের ঘরে প্রযোজ্য বৃত্তটি অর্থাৎ ঢাকা লিখতে হবে এবং সংশ্লিষ্ট বৃত্ত পূরণ করতে হবে ।

৬) রেজিঃ নম্বরের ঘরে প্রার্থীর প্রবেশপত্রে উল্লিখিত রেজিঃ নম্বরটি উপরের ঘরে লিখে নিচের সংশ্লিষ্ট বৃত্তগুলো কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন । সঠিকভাবে বৃত্ত ভরাট না করা, বৃত্ত ভরাটে কাটাকাটি বা ভুল করা কিংবা সঠিকভাবে রেজিঃ নম্বর না লেখা হলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে ।

৭) বিষয় কোডের ঘরে বাংলার ক্ষেত্রে ১০১, ইংরেজি-১০২, গণিত বিষয়ে-১০৩, সাধারণ জ্ঞান-১০৪ এই তিন ডিজিটের কোড নম্বরটি প্রার্থী লিথোকোড ফরমের বিষয় কোডের ঘরের উপরের ফাঁকা অংশে লিখে নিচের সংশ্লিষ্ট ৩টি বৃত্ত কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন। যেমন- বাংলা বিষয়ের কোড ১০১। সে ক্ষেত্রে বিষয় কোডের ঘরে ১০১ লিখে নিচের কোডের ৩টি বৃত্ত পূরণ করতে হবে ।

৮) লিথোকোড ফরমের অতিরিক্ত খাতার ঘরটিতে প্রযোজ্য বৃত্ত পূরণ করতে হবে । যেমন কোনো প্রার্থী ১টি অতিরিক্ত খাতা নিলে ১ম বৃত্ত, ২টি খাতা নিলে ১ম ও ২য় বৃত্ত এবং ৩টি খাতা নিলে ১ম,২য় ও ৩য় বৃত্ত কালো কালির বল পয়েন্ট দিয়ে পূরণ করবেন । অতিরিক্ত খাতা না নিলে কোনো বৃত্ত পূরণ করতে হবে না ।

৯) লিথোকোড ফরমের মূল খাতার ১ম অংশ ব্যতীত অন্য ২টি অংশে এবং অতিরিক্ত উত্তরপত্রে প্রার্থী তার নাম, রেজিঃ নম্বর ইত্যাদি কোনোভাবে লিখবেন না । লিখলে উত্তরপত্র বাতিল হবে ।

২৮.৯.২০১৭.

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক(যুগ্মসচিব)
(নন-ক্যাডার)
ফোনঃ ৫৫০০৬৬২৫ ।

[পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন]
[চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবেন ।]

কখন কখন ঘণ্টা হবে ঃ

১.১৫ মিঃ পরীক্ষার্থীদের হলে প্রবেশের জন্য সতর্কীকরণ ঘণ্টা
১.২০ মিঃ উত্তরপত্র বিতরণসহ প্রাথমিক কাজ শূরু করার ঘণ্টা ।
১.৩০ টা প্রশ্নপত্র প্রদান ও পরীক্ষা শুরুর ঘণ্টা ।
৪.৩০ টা পরীক্ষা সমাপ্তি নির্দেশক ঘণ্টা ।